তারিখ 24 MAR 1994
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

48

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ গত মঙ্গলবার রাত বারোটার দিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্র দলের বিবদমান দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষ চলাকালে ২৫ হইতে ৩০ রাউণ্ড গুলী ও কিছু ককটেল বিস্ফোরিত

(১০ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

হয়। জানা যায়, ফজলুল হক হলে রাত সাড়ে এগারোটার দিকে একটি সিংগেল রুম দখল এবং স্বাধীনতা দিবসের খেলাধুলার নেতৃত্বকে কেন্দ্র করিয়া ছাত্রদলের ফজলুল হক হল শাখার সাংগঠনিক সম্পাদক মোঃ শামীম এবং বাকসু'র সাবেক সদস্য মোঃ খালিদের সহিত প্রথমে বাকবিতণ্ডা এবং পরে হাহাহাতির মাধ্যমে সংঘর্ষের সূত্রপাত হয়। সোহরাওয়ার্দী হল ও ফজলুল হক হলে গোলাগুলীর সময় সাধারণ ছাত্রদের মধ্যে আতংকের সৃষ্টি হয়। গোলাগুলী শুরু হওয়ার সাথে সাথেই অধিকাংশ আবাসিক হলের টেলিফোন বিকল হওয়ায় প্রশাসনের সহিত আবাসিক হলগুলির যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া যায়। ঘটনার পরপরই ফজলুল হক হলের প্রভোষ্ট প্রফেসর আহম্মদ উল্লাহ সরকার হলে আসিয়া উত্তেজনা প্রশমনের চেষ্টা করেন। রাত দেড়টার দিকে সোহরাওয়ার্দী হলের সামনে আবার গোলাগুলী হয়। রাত ৩ টার দিকে আবাসিক হলে শান্তি ফিরিয়া আসে। গতকাল বুধবার ক্যাম্পাসে পুলিশ মোতায়েন ছিল। ক্যাম্পাস এখন শান্ত।

ছাত্রদলের সভাপতি শাহাদাত হোসেন চঞ্চল এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সামছুল আলম তোফা একযুক্ত বিবৃতিতে ছাত্রদলের নেতা শামীম আহমেদ সন্ত্রাসীদের হাতে লাঞ্ছিত হওয়ার ঘটনার তীব্র নিন্দা করেন এবং দোষী ব্যক্তিদের দৃষ্টান্ত মূলক শাস্তি দাবী করেন। অন্য এক বিবৃতিতে বাকসু'র সাবেক মিলনায়তন সম্পাদক হাসান জাকির তুহিন ছাত্রদলের ঐক্য বিনষ্টের অপচেষ্টা রোধের আহ্বান জানাইয়াছেন।